

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৫৯

আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৪

গেদু মিঞা মসজিদ পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু আজ সকালে আগরতলার গেদু মিঞা মসজিদ পরিদর্শন করেন। মসজিদ পরিদর্শন শেষে রাজ্যপাল সংবাদমাধ্যমকে বলেন, রাজ্যে অনেকগুলি পুরনো ও ঐতিহাসিক সৌধ রয়েছে। গেদু মিঞা মসজিদও একটি ঐতিহাসিক সৌধ। মসজিদটি খুবই সুন্দর এবং একটি পর্যটনকেন্দ্রও। আজ সকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু গেদু মিঞা মসজিদে পৌঁছালে গেদু মিঞা মসজিদ কমিটির সভাপতি মহম্মদ সালিম মিঞা গেদু মিঞা মসজিদ কমিটির সচিব মহম্মদ অনু মিঞা এই মসজিদের ইতিহাস সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। পরিদর্শনের সময় রাজ্যপালের সঙ্গে উপস্থিত ছিলেন ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মহম্মদ মবস্বর আলি। সংখ্যালঘু উন্নয়ন নিগমের চেয়ারম্যান মহম্মদ জসিমউদ্দীন এবং গেদুমিঞা মসজিদের মৌলানা। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
